

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

নাগরিক সনদ

- ১। ১৮ থেকে ৩০ বছরের নাগরিক সংশ্লিষ্ট এলাকায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্য হতে পারবেন।
- ২। ইউনিয়ন আনসার কমান্ডার/ভিডিপি ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীর মাধ্যমে উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা লোক বাছাই এবং সদস্য সদস্য হিসেবে তালিকাভুক্ত করবেন।
- ৩। আনসার বাহিনীর সদস্য হলে সম্পূর্ণ সরকারী খরচে (খাকা, খাওয়া, যাতায়াত, পেশাকাদি) ৪২ দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণ লাভ করতে পারবেন। প্রশিক্ষণের পর সাধারণ আনসার হিসেবে দায়িত্ব পালনে সক্ষম হবেন এবং অঙ্গীভূত হওয়ার যোগ্যতা অর্জন করবেন।
- ৪। প্রশিক্ষণ গ্রহণের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা নির্ধারিত কোটা অনুযায়ী সদস্য সদস্য বাছাই করে জেলা কার্যালয়ে তালিকা প্রেরণ করবেন। প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর, শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী, উচ্চতা পুরুষদের ক্ষেত্রে ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট। বুকের মাপ পুরুষদের ৩০ ইঞ্চি থেকে ৩২ ইঞ্চি এবং সবার দৃষ্টি শক্তি ৬/৬ হতে হবে।
- ৫। গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য-সদস্যগণকে সম্পূর্ণ সরকারী খরচে গ্রামেই ১০ দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণ দেয়া হয়। এতে গ্রাম প্রতিরক্ষা দলের পরিচিতি ও কার্যক্রম এবং সদস্য সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন বিষয় শেখানো হয়। বাহিনীর উপজেলা পর্যায়ের কর্মকর্তা কর্মচারীগণ এবং উপজেলা কৃষি কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পশু সম্পদ কর্মকর্তাগণ প্রশিক্ষণ পরিচালনা করেন। ১০ দিনের প্রশিক্ষণে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৬০/- টাকা দৈনিক ভাতা হিসাবে দেয়া হয়। এ ছাড়া প্রশিক্ষণ সনদ প্রদান করা হয়। এই প্রশিক্ষণ সদস্য সদস্যদের সার্বিক উন্নয়নের পথ প্রদর্শন করে।
- ৬। বাহিনীর সদস্য সদস্যদের কর্মসংস্থান ও আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পেশায় সম্পূর্ণ সরকারী খরচে (খাকা, খাওয়া, যাতায়াত, প্রশিক্ষণ খরচ, উপকরণ ব্যয়সহ) প্রশিক্ষণ দেয়া হয়। পেশাগুলোর মধ্যে-১) মৎস্য চাষ ২) ছাগল পালন ৩) উন্নত প্রযুক্তিতে আলু চাষ ৪) গবাদিপশু পালন (ক) দেশীয় পদ্ধতিতে হাঁসমুরগীর বাচ্চা উৎপাদন ও পালন ৫) হাঁসমুরগী চিকিৎসা ও পালন ৬) অমোসুমী সবজি চাষ ৭) আধুনিক পদ্ধতিতে ফলচাষ ৮) উন্নত মানের আম চারা উৎপাদন ৯) উন্নত প্রযুক্তিতে নার্সারীকরণ ১০) মাশরুম চাষ ১১) ড্রাইভিং ১২) ফ্রিজ এয়ারকন্ডিশন মেরামত ১৩) ইলেকট্রিশিয়ানের কাজ ১৪) সেলাই ১৫) নকশী কাঁথাবুন ও ১৬) কম্পিউটার বেসিক কোর্স উল্লেখযোগ্য।
প্রশিক্ষণের পর আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক বা স্থানীয় কোন ব্যাংক বা ঋণদানকারী প্রতিষ্ঠান থেকে ঋণ পেতে সুবিধা হয়।
- ৭। বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান/সংস্থা তাদের নিরাপত্তা ব্যবস্থার প্রয়োজনে অস্ত্রসহ অথবা অস্ত্রবিহীন আনসার অঙ্গীভূত করতে পারেন। এজন্য তাঁদের জেলা অ্যাডজুট্যান্ট আনসার ভিডিপির অনুকূলে অনুরোধপত্র দাখিল করতে হবে। বিভাগীয় কর্মকর্তা ও পুলিশ বাহিনী থেকে সন্তোষজনক প্রতিবেদন পাওয়া গেলে জেলা অ্যাডজুট্যান্ট আনসার অঙ্গীভূত করে দেবেন। এসব আনসারদের সরকার নির্ধারিত হারে বেতন ভাতা, দৈনিক ১০% হারে আনুষঙ্গিক খরচ এবং ঈদ বোনাসের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থাকে বহন করতে হবে। ৩ মাসের বেতন ভাতার অর্থ অগ্রিম দিতে হবে।
- ৮। অঙ্গীভূত হতে প্রত্যাশী আনসারদের ফায়ারিং অভিজ্ঞতাসহ মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। বয়স ১৮ থেকে ৪০, উচ্চ ন্যূনতম পুরুষ ৫ ফুট ৪ ইঞ্চি ও মহিলাদের ৫ ফুট এবং শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী হতে হবে। তারা এক নাগাড়ে ৩ বছরের জন্য অঙ্গীভূত হবে।
প্রত্যাশী আনসারদের মধ্যে থেকে প্রয়োজন ও যোগ্যতা যাচাই করে জেলা অ্যাডজুট্যান্ট প্যানেল তৈরী করবেন এবং প্যানেল থেকে আনসার অঙ্গীভূত করবেন। প্যানেল ও অঙ্গীভূত হওয়ার জন্য এসব আনসারদের সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ সনদ, নাগরিকস্ব সনদ, চারিত্রিক সনদ, সন্তোষজনক পুলিশ প্রতিবেদন এবং পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি প্রয়োজন হবে।
বর্তমান হারে একজন পিসি/এপিসি দৈনিক ১১৯.৩৫ টাকা হারে ৩০ দিনে ৩,৫৮০.৫০ টাকা, একজন আনসার দৈনিক ১১১.৪৫ টাকা হিসেবে ৩০ দিনে ৩,৩৪৩.৫০ টাকা বেতনভাতা প্রাপ্য হবেন। এছাড়া পিসি/এপিসি ২,১০৬.০০ টাকা হারে

বছরে ২টি এবং আনসার ১,৮৭২.০০ টাকা হারে ২টি উত্সব ভাতা প্রাপ্য হবেন। তাঁরা সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে মাসে ২৮ কেজি চাল, ২৮ কেজি গম এবং ২ লিটার ভোজ্যতেল প্রাপ্য হবেন। এছাড়া ইউনিফর্ম সামগ্রী সরকারী খরচে পাবেন।

- ৯। আনসার ভিডিপির সদস্য সদস্যগণ কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করলে বা পঙ্গু হয়ে গেলে কল্যাণ তহবিল থেকে সংশ্লিষ্ট পরিবার/ব্যক্তি এককালীন অনুদান ও মাসিক ভাতা এবং চিকিৎসার ব্যয় প্রাপ্য হবেন। ব্যাটালিয়ন আনসারগণ যৌথ বীমার সুবিধা প্রাপ্য হবেন। তাদের কন্যার বিয়ের জন্য অনুদান ও সন্তানদের উচ্চতর শিক্ষার জন্য বৃত্তি প্রাপ্য হবে। বাহিনীর সফল সদস্য/সদস্যা প্রশংসনীয় ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য পদক অথবা পুরস্কার পাবেন।
- ১০। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী ও আধাসরকারী চাকরির ক্ষেত্রে এ বাহিনীর প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য/সদস্যদের জন্য ১০% আসন সংরক্ষিত রয়েছে।
- ১১। বাহিনীর কর্মতৎপরতা জোরদার করতে এবং সদস্য/সদস্যদের উন্নয়নের জন্য গ্রামে ক্লাব-সমিতি গঠন করা হয় এবং আর্থিক সহায়তা ও সামগ্রী প্রদান করা হয়ে থাকে।
- ১২। যেকোন ব্যক্তি/ব্যক্তিবর্গ/এলাকাবাসী †^QvimeX বা অংগীভূত আনসার ও ভিডিপি সদস্য/সদস্যদের কাজে নিয়োজিত করতে চাইলে বা তাদের কোনরূপ সহায়তা চাইলে উপজেলা/থানা আনসার কর্মকর্তা অথবা জেলা অ্যাডজুট্যান্ট আনসার ভিডিপি-র সাথে যোগাযোগ করতে পারেন এবং সরকারী সুশৃংখল এ বাহিনীর সেবা গ্রহণ করতে পারেন।

তথ্যসূত্র : দৈনিক প্রথম আলো, ১৮.০৯.২০০৮